

## শিক্ষাপ্রতিষ্ঠানে সাইবার বুলিং প্রতিরোধে প্রয়োজন সচেতনতা

### ● আইটি ডেস্ক

দেশের সব ধরনের শিক্ষাপ্রতিষ্ঠানে সাইবার বুলিং প্রতিরোধে শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর শিক্ষার্থী, শিক্ষক এবং অভিভাবকদের একসঙ্গে কাজ করতে হবে। সেজন্য শিক্ষাপ্রতিষ্ঠানসংশ্লিষ্ট সবার আরও বেশি সচেতনতা বৃদ্ধি জরুরি বলে অভিমত দিয়েছেন বিশেষজ্ঞরা। শনিবার (৩০ নভেম্বর) রাজধানীর ইউনাইটেড সিটিতে অবস্থিত ইংরেজি মাধ্যমের শিক্ষাপ্রতিষ্ঠান স্যার জন উইলসন স্কুলে সাইবার বুলিং প্রতিরোধ ও প্রতিকার নিয়ে আয়োজিত 'রোড টু ওয়েলনেস' অনুষ্ঠানের প্যানেল আলোচনায় বিশেষজ্ঞরা এ কথা বলেন। অনুষ্ঠানে বিশেষজ্ঞদের আলোচনার পাশাপাশি শিক্ষক, অভিভাবক, শিক্ষার্থীরা নিজেদের

অভিজ্ঞতা এবং মতামত তুলে ধরেন। আলোচনায় বুলিং তথা সাইবার বুলিং শিশুর ওপর কেমন ক্ষতিকর প্রভাব ফেলে, এ বিষয়ে সচেতনতার অভাবে শিশুর প্রতিভা বিকাশে কেমন প্রতিবন্ধকতা সৃষ্টি করে এবং এ বিষয়ে সচেতনতা সৃষ্টির প্রতি

গুরুত্বারোপ করা হয়। তাছাড়া সচেতনতাই শিশুর সুন্দর ভবিষ্যৎ নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে মন্তব্য করেন বিশেষজ্ঞরা। আলোচনায় অংশ নিয়ে বিশেষজ্ঞরা স্কুলে বুলিং প্রতিরোধ ও কার্যকরী পদক্ষেপ, স্বাস্থ্যকর এবং চাপমুক্ত জীবনযাপন,

বিভিন্ন সামাজিক প্রত্যাশা, ডিজিটাল জগতে সুস্থতা, পেশাগত এবং ব্যক্তিগত জীবন ভারসাম্য নিয়েও অভিমত দেন আলোচনায় অংশগ্রহণকারীরা। আলোচনা অনুষ্ঠানে বিশেষজ্ঞদের পাশাপাশি অভিভাবক, শিক্ষার্থী ও স্যার জন উইলসন স্কুলের সাবেক শিক্ষার্থীরা অংশ নেন। এতে সাইবার বুলিং প্রতিরোধে সবাই এক হয়ে কাজ করবেন বলে প্রত্যয় ব্যক্ত করেন। পাশাপাশি অনুষ্ঠানে 'আর্ট থেরাপিউটিক', 'স্টোরি কর্নার', 'গো গ্রিন উইথ টেরাহোপ ক্লাব', 'ওয়াকথন' এবং 'কমেডি সার্কেল' নামে সৃজনশীল আয়োজনের মাধ্যমে বেশ আকর্ষণীয়ভাবে বুলিংয়ের ক্ষতিকর দিক ও এর প্রতিকারগুলো তুলে ধরা হয়।

